

মামত বাৰে বসৰ প্ৰকাৰলী।

ভাজ্জব ব্যাপার!

(হাস্তরসোদ্দীপক সাময়িক গীতি-রঙ্গ)



শ্ৰীঅমৃতলাল বস্থ-প্ৰণীত

ষষ্ঠ সংস্করণ।

কলিকাতা

७ नः जीम शास्त्रत लग,

গ্রেট ইডিন্ প্রেসে

ইউ, সি, বস্থ এণ্ড কোম্পানীর দারা মুদ্রিত।

সন ১৩০৪ সাল।

किनकां न न न कर्व अवानिम द्वी है, होत थि प्रवित्त हहें उ

শ্ৰীঅমৃতলাল বস্থ কৰ্তৃক

প্ৰকাশিত।

গীতিরঙ্গোক্ত স্ত্রী-পুরুষগণ।

স্ত্রীগণ।

মূণালিনী মিত্র হাইকোর্টের উকীল। কামিনীসুন্দরী মিত্র মুণালিনীর মধ্যমাজাতা। বসন্তকুমারী মিত্র কনিষ্ঠাজাতা। ক্ষীরদাস্থন্দরী মিত্র ननिमनी। नौत्रपाञ्चनती भिंख সম্পর্কীয়া ননদিনী। মুক্তকেশী বন্ধী হুগলি জজকোর্টের সেরেস্তাদার। মুক্তকেশীর কন্তা। সরসীবালা ভঞ্জ অনক্ষমপ্ররী গুহ ঢাকা বজেটের সম্পাদিকা। নিত্বিনী ভট্টাচার্যা ভলেন্টীয়ার সৈন্তের কর্ণেল।

থাক্মণি।

ননীবালা বিদ্যালঙ্কার। ডাক্তার জি, বি, লাহিড়ী। বিরাজমোহিনী সেন।

> ঘটকিনী, নাপ্তিনী, নিমন্ত্রিতা স্ত্রীগণ, পাতথোলাওয়ালী, ভলেনটীয়ার রমণীগণ ইত্যাদি।

পুরুষগণ।

বিশ্বস্তর ... মৃণালিনীর কান্ত।

দ্বারিক · · কামিনী স্থলারীর কাস্ত।

শ্রীরাম ... বসন্তের কান্ত।

জাঠ। ... মৃণালিনীর জাঠ-খণ্ডর।

ুমাধব।

গোয়ালা, পাতখোলাওয়ালা, পুরুষগণ, উড়িয়াগণ, ভূত্য ইত্যাদ্রি।

KEATING'S PREPARATIONS.

কিটিংস পাউডারের ব্যবহার।

এই কুটিং এর পাউ চার বা অব্যর্থ কীট-নাশক মহৌষ্ধ বিলাতের টমাশ্ কিটিং দ্বারা প্রস্তুত ছইয়া বছকাল হইতে পৃথিবীতে চলিয়া আদিতেছে। এদেশের অনেকেই ইহার ব্যবহার জানেন না। ইহা দ্বারা ছারপোকা, মশা, মাছি, পিশীলিকা, উই, আরশোলা মরিয়া যায়। বিলাতের প্রত্যেক গৃহিলী অপরাপর প্রয়োজনীর দ্বের নহিত সাদরে ইহা বাজার হইতে কিনিয়া লইয়া যান। গ্রম কাপড়ে পৃস্তকে, ছোট বাছুরের গায়ে, গৃহপালিত পশুপক্ষীর গায়ে, গাছ পালার গোড়ায় দিলে পোকা লাগিয়া নয়্ট করে না। এই সকলের জন্ম কিটিংস পাউভার নিতা আবিশুকীয় সামগ্রী। প্রত্যেক গৃহে এক কোটা রাখী উচিত। মূল্য ছোট কোটা । ১০ আনা। বড় কোটা ॥১০ আনা।

ইহা কীট ভিন্ন অন্য জীবের পক্ষে বিষাক্ত নহে।

কিটিংএর বন্ বন্।

ভারতের প্রীলোকের মত গৃহিণী জগতের আর কোথাও দেখা যায় না। সমগ্র পৃথিবীর লোক হিন্দু রমণীর প্রশংসা করে। কিন্তু আধুনিক মহিলাগণ এক বিষয়ে বড় আনভিজ্ঞা। সন্তান লালনপালনে তাঁহারা কিছু কম দৃষ্টি রাখেন। শিশুর পীড়া না হইয়া পড়িলে উাহাদের আর দৃষ্টি পড়ে না। কিন্তু বিলাতে প্রত্যেক জননী ভবিষ্যতের জন্ম সতর্ক হন। সেই জন্ম সভাবতঃ বিলাতের শিশু বলিষ্ঠ হয়। ক্রিমি রোগ শিশুগণের মধ্যে বড় প্রবল। এই কিটিংএর বন্ বন্ অতিশয় স্বয়াহ, বিলাতের জননীগণ মধ্যে মধ্যে খাদ্য জব্য রূপে শিশুদিগকে ইহা থাইতে দেন, সেই জন্ম ক্রিমিরোগে শিশুদিগকে ভূগিতে হয় না। ক্রিমি বড় ভয়ানক রোগ। প্রত্যেক গৃহিণীর এই বন্ বন্ রাণা উচিত। ইহা ব্যবহারে ভবিষতে ক্রিমিরোগের সম্ভাবনা নাই। মূল্য ৮০ আনা।

কিটিংএর কফ্ লজেঞ্জেস্।

ইহা সমস্ত পৃথিবীর ডাক্তারগণের পরিচিত এবং প্রশংসিত। সর্বপ্রকার কাশী, সর্দ্ধিতে অদ্ভুত ফলপ্রদ উষধ। কাশিয়া কাশিয়া প্রাণ বাহির হইবার উপ ক্রম হইতেছে, ইহা ব্যবহারে ৫ মিনিটের মধ্যে শাস্তি হইবে। কঠিন কফকে সরল করিয়া নির্গত করাই ইহার কার্যা, থাইতে স্থসাত্ন। মূল্য ৮৮০ আনা।

এই সকল দ্রব্য, উষধ ও বাতি আমদানীকারক মেসার্স বিহারীলাল দা কোং, ৫২ নং ক্যানিং ষ্ট্রাটে, তাহাদের ফারমে আমদানী কবিরা পুচরা এবং পাই কারী বিক্রে করিতেছেন। প্রত্যেক কৌটার ও শিশিতে টমাস্ কিটিংএর নিজ হস্তের স্বাক্ষর আছে এবং তাহাই আসল।

স্থলভ পরিচ্ছদালয়।

মল্লিক বাদার্স

সকল রকম তৈয়ারী পোষাক,

পাথরের চসমা,

বিলাতি জুতা ও নানাবিধ দ্রব্য বিক্রেতা। ৭৭ নং অপার চিৎপুর বোড, জোড়াসাকো। কলিকাতা।

আমাদের নিকট সর্বদাই বালক, বালিকা এবং ভদ্র-মহিলাগণের বিবিধ প্রকার পোষাক প্রস্তুত থাকে। স্থানন কাট্ ছাঁট্, নূতন প্যাটারণ এবং অভিনব ফ্যাসনের জন্ম আমরা সাধারণের দ্বারা অনুগৃহীত হইয়া আসিতেছি। আমাদের দর সর্ববাপেক্ষা স্থানত। যাঁহাদিগের সহিত্ত আমরা এতদিন কারবার করিয়া আসিতেছি, তাঁহাদিগকে আমাদের কিছুই বলিবার আবশ্যক নাই। সাধারণের প্রতি অনুরোধ, তাঁহারা দ্রব্যাদি ক্রয় করিবার সময় এক-বার দর, জিনিষ দেখিয়া যান। দেশী সাড়ী, ধুতি, উড়ানি এবং ভন্দলোকের ব্যবহার্য্য অনেক জিনিষ আমাদের নিকট আছে। আমাদের মূল্য-তালিকার জন্ম লিখুন।

২০ বৎসরের পরীক্ষিত।

শবর্ণমেণ্ট আইনান্মুসারে রেজন্ত্রী করা ঔষধ ।

জয়মীপাল সুধা—সর্বপ্রকার পুরাতন জর, নৃতন জর, **গাভার,** সীহা সংযুক্ত জরে, রক্তালভায় ব্যবহার্য। মৃণ্য ॥॰ ছোট।

অমৃত-কল্প সালস। কম্পাউণ্ড-—রক্তপরিষারক বহু গাছ গাছড়া এবং আয়ুর্বেদ শাল্পের সর্বোৎকৃষ্ট পেঁতে হইতে বহু বায়ে প্রস্তুত করা হইরাছে। ইহা রক্তকারক, রক্তপরিষারক, ক্ষ্ণাবর্জক, বলকারক। ১৫ দিন ব্যবহারেই ইহার ফলাফল ব্রিক্তে পারিবেন; ইহা সর্বাধ্যত্তে, সর্বাধ্যবহার্যা। মূল্য ২১ টাকা।

একথানি পোষ্টকার্ড লিথিলেই আমাদের ঔষধাবলীর বিবরণ এবং এক**টা স্থন্দর** গল সমেত পুস্তক বিনামূল্যে ও বিনাব্যয়ে পাঠাইব।

শ্রীরাথালচন্দ্র তা এবং কোং, ম্যান্ন্ন্যাক্চরিং কেমিষ্ট— ভায়মণ্ড মেডিকাল হল ৩ নং বদাক লেন বড়বাজার, কলিকাতা।

স্থবিখ্যাত এন্, বস্থ এণ্ড কোংর স্থরঞ্জিত সচিত্র চিঠির কাগজ।

সংখর জিনিষ স্থানর হওয়া প্রয়োজন, চিঠির কাগজে এত
ক্ষানর ছবি অপর্যান্ত কেহ দেখেন নাই। ছবিগুলি আটি ভুডিওর
ছবি অপেক্ষা কোনও আংশে নান নছে। অত্যন্ত স্থলত ও
ক্ষান করা হইয়াছে। দেবদেবীর প্রতিম্ভি ও যুবক ষুবতীর
লিথিবার উপযুক্ত নানা প্রকার চিত্রসম্বলিত চিঠির কাগজ
১৬ রকম ১০০ একশত ১০০ দেড় টাকা। ভি, পি'তে
লইলে ১০ ছই আনা অধিক লাগিবে।

এন্, বস্থ এণ্ড কোং

१ वः कानिः श्रीष्ठे, पूर्वीहाष्ठे। कनिकाना

গবর্ণনেন্ট ডিপ্লোমাপ্রাপ্ত এবং প্যারিস্ কেমিক্যাল্ড সোসাইটির মেম্বর শ্রীনগেন্দ্রনাথ দেনগুপ্ত কবিরাজের

কেশরঞ্জন তৈল।

সর্বপ্রকার শির-রোগের মহৌষধ।

অনেকের চুল অকালে পাকিয়া যায়। চুল উঠিয়া যায়, টাক পড়ে আবার অনেকের চুলপাকিবার বয়সেও চুল যেমন স্বাভাবিক তেমনি খাকে। ইহার কারণ কি? অত্যে তাহাই জানা উচিত। শরীরের লোমকৃপের ভার চুলের মূলদেশে স্থা ছিদ্র আছে। লোমকৃপ দিবা যেমন শরীরের দৃষিত পদার্থ সকল বহির্গত হয়, এবং বাহিরের শীত তাপ, প্রবেশ করিয়া শরীর হুস্থ রাখে, মস্তকের ঐ সকল হুলা ছিদ্র দারা সেই কার্যা সাধিত হইয়া চুল এবং মন্তিক স্বস্থ রাখে। এই সকল ছিদ্র অযত্তে রুদ্ধ হইয়া গেলেই চুলের পরিপোষোণোপযোগী উপাদান সকলের অভাব হয়। স্কুতরাং চলের পীড়া এবং মন্তিন্ধের অস্কুতা উপস্থিত হয়। ইহাই রহস্ত। স্কুতরাং অক্ষালপকতা, টাক, শিরঃগীড়া, শিরোযুর্ণন প্রভৃতি উপস্থিত হয়। এই কারণে জামি বিশেষ যত্নে, বিবিধ উপকরণে, বৈজ্ঞানিক প্রক্রিয়ার, "কেশরপ্রন-তৈল" প্রস্তুত করিয়াছি। অসংখ্য প্রশংসাপত্র দারা আমি বুঝিতেছি যে উদ্দেশ্য নিফল হয় নাই। কেশরঞ্জন ব্যবহারে ঐ সকল সুন্দা ছিদ্রের পথ পরিষ্কার থাকে। মস্তকে চিট্ ধরে না, চল বৃদ্ধি এবং ঘোর কৃষ্ণবর্ণ ও কৃষ্ণিত হয়। মন্তিক শীতল থাকে। প্রতরাণ শিরোঘূর্ণন, মস্তিক্ষের পুর্বলতা; মানসিক বিষয়তা, কর্ত্তব্য কাজে অনিচ্ছা. বিরক্তি, অসুচিত শুক্রবার বা মাদকদেবন জনিত পীড়া, দৃষ্টিশক্তির হ্রাসতা, **শ্রবণশক্তির অল্পতা প্রভৃতি উপদর্গ দুরীভৃত হর। মানসিক পীড়ায় আম**রা: স্থান্ধ একটা মহৎ উপকারী বলিয়া ব্যবস্থা করি। এই তৈল এমনি মধর मौर्यकालशांशी मोत्राक स्वामिक कवा श्रेशाए ए। ইश्वावा मानमिक পীড়ার যথেষ্ট উপকার হইরাছে। মহিলাগণ বিশেষ যত্নে অধুনং এই তৈল ব্যবহার কর্মেন। পরীক্ষা প্রার্থনীয়। মূল্য এক শিশি:, টাকা, ডাক মাণ্ডল ও প্রাকিং। ৮০ জানা। একবারে ১২ শিশির মূল্য ১০ দশ টাকা। কলিকাতা, ১৯৮০ নং লোয়ার চিৎপুর রোড, কবিরাজ খ্রীনগেব্রনাঞ্ रमन्थके महागरवद आयुर्स्सनीय **ड**यधानस्य आख्दा !

ব্যানার্জী এণ্ড মল্লিক

পোষাক বিক্রেতা।

৩৫০ নং অপার চিৎপুর রোড, কলিকাতা।

আমাদের নিকট সকল রকম কাপড়ের তৈয়ারি পোষাক, যে কোন মাপের হউক নাকেন, সর্বদা তৈয়ারি পাইবেন। কাট ও ছাঁট্ উৎকৃষ্ট ও স্থানর। মূল্য স্থানত। একবার পরীক্ষা করিয়া দেখিলেই বুঝিতে পারিবেন।

মক্ঃস্বলের গ্রাহক মহোদয়গণের যে কোন আবশ্য-কীয় দ্রব্য আমরা অল্প কমিশনে পাঠাইয়া থাকি।


ব্যানার্জী এণ্ড মল্লিক

পোষাক বিক্ৰেতা ^{এবং}

সাধারণ সরবরাহকারক।

৩৫০ নং অপার চিৎপুর রোড, ক্লিকাতা। (বিডন্ গার্ডেনের পশ্চিম)

দে, মল্লিক কোম্পানীর




আসল ব্রেজিল পাথরের চশ্মা।

ইংলগু, ফ্রান্স ও আমেরিকা হইতে আমরা সকল রকম চশ্মা আমদানী করিয়া থাকি। আমাদের পাথরের চশ্মা অত্যন্ত স্থলভ ও উৎকৃষ্ট বলিয়া, কলিকাতার ও মকঃস্বলের প্রধান প্রধান চিকিৎসকগণ
উহা ব্যবহার করিতে সর্বদা উপদেশ দিয়া থাকেন।
চক্ষু বিশেষ রূপ পরীক্ষা করিয়া উপযুক্ত চশ্মা
নির্বাচন করিয়া দেওয়া হয়। যদি কোন কারণে
চশ্মা মনোমত না হয়, তবে বদলাইয়া দিয়া থাকি।
চশ্মা সম্বন্ধীয় সকল রকম মেরামত অতি অল্প সময়ের মধ্যে স্থলভমুলো হইয়া থাকে।

পরীক্ষা প্রার্থনীয়। বিস্তারিত মূল্য তালিকা আবেদন মাত্র প্রাপ্তব্য।

> দে, মলিক এণ্ড কোং ২০ নং লালবাজার খ্রীট, কলিকাতা।

তাজ্জব ব্যাপার!



আপন করে যতন করে খুলে দেছ জানা ॥
বেয়াড়া বুদ্ধির চোটে, দিয়েছ শেকল কেটে,
এখন গেটের বাইরে পা দিয়েছি দখল কর জেনানা ॥
আমরা সব কলেজ যা'ব, নলেজ পা'ব,
টগ্গা গেয়ে করবো স্থখে বাবুয়ানা;—
এখন তোমরা কুটনো কোটো, বাটনা বাটো,
দাও লক্ষ্মীপুজোর আল্পানা ॥
আমরা সব ছাড়ব শাড়ী, রাখব দাড়ি,
গাড়ী চড়ে আনাগোনা;—
(গুণপুরুষ) গাড়ী চড়ে আনাগোনা।
ছাড়ব না আড়-নয়ন আর মোহন বেণী,
এটী নারীর নিশানা।
(গুণপুরুষ) এটী নারীর নিশানা।
প্রেণের বন্দর, রইল অন্দর, গুছিয়ে কর গিয়িপনা॥

প্রথম দৃশ্য।

বিবাহ সভা।

(বরাসনে—কম্মা : কন্যা যাত্রী, বর্ষাত্রী প্রভৃতি উপস্থিত)

নাপ্তিনী। ওগো কনে । এই স্থপুরিটে কেটে দিন।

ঘটকী। কাট কাট, স্থপুরিটে কেটে ফেল, সাবধানে জাঁতি
ধরো, যেন হাত কেটোনা।

ক্ষীরদা। ছি ছি ছি ছি ! কনে এঁটো স্থপুরি কাটলে, ছোটদাদা ঐ স্থপুরিটে গালে করেছিল !

নীরদা। ও কনে ! আমাদের ঢেলা-ফেলার টাকা দাও; চুপ করে রয়েছ কেন, দাওনা।

ক্ষীরদা। নীরি! ভূই তো ভারি জ্যাঠা, কনেকে ত্যক্ত কচ্ছিস কেন? চুপ করে বোসনা।

নীরদা। চেলা-ফেলার টাকা চা'বনা? বে হয়ে গেলে ফাঁকি দেবে, তথন তুই দিবি ?

ক্ষীরদা। ঢেলা-ফেলার টাকা নেবার তুই কে ? আমরা বাড়ীর মেরে, আমাদের কি ঢেলা-ফেলা দেয় ?

নীরদা। না দেয়না বুঝি, তুই তো বড় জানিস!

ক্ষীরদা। না তুই বড় জানিস, মস্ত বড় হয়েছিস কি না! কনে, তুমি ওর কথা শুননা ভাই, ওটা ঐ রকম যার তার সঙ্গে ছষ্টুমি করে। তুমি ভাই আমার সঙ্গে কথা কও, আমার সঙ্গে ভ্রেমার ভাব।

নীরদা। আছে। আছে।, কীরি তুই থাম্, আমার সঙ্গে ঝগড়া ক্ছিস, নেমন্তরে মেয়েরা আহ্বক তোকে দেখে নেব। ক্ষীরদা। হা: হা: হা: । তুই আমার দেথে নিবি । তুই আমার এক্জীমিন করবি—হা: হা: হা: !

(কামিনী ও মুণালিনীর প্রবেশ)

(উন্নতি-শীলা-খ্রীর পরিচ্ছদ,—কথাবার্তা উপবেশন ভঙ্গি আদি পুরুষভাব।)

কামিনী। ওরে একেবারে বেশী করে গোটাকতক হুঁকো এখানে দে যানা।

ঘটকী। আস্থন বড়বৌঠাকরণ, দাঁড়িয়ে রইলেন কেন ? সভার বস্থন, এঁরা যে আপনার সঙ্গে আলাপ করবার জ্ঞা ব্যস্ত হয়েছেন।

মূণা। এইযে বসি এই।

(মুক্তকেশী ও সরসীবালার প্রবেশ)

ঘটকী। আসতে আজ্ঞা হয়, আসতে আজ্ঞা হয়, আসুন আস্কুন! বসতে আজ্ঞা হয়; আপনাদের দেরি হ'ল যে ?

মুক্ত। আমার মেয়েকে তুলে নিয়ে এলেম তাইতে একটু দেরি হ'ল, ঘুরে আসতে হ'ল।

মূণা। বহুন বহুন!

ঘটকী। ইনি হচ্ছেন কনের মাসী।

মুণা। আপনার নাম ?

মুক্ত। শ্রীমুক্তকেশী বক্সী।

মুণা। বিষয়কর্ম্ম কি করা হয় ?

ঘটকী। ভারি কাজ, হাকিমি কাজ। আপনার কি হুণালিতে যাওয়া আসা নেই? উনি সেথানকার জজ-কোর্টের সেবেস্তাদার।

মক্ত। আপনার নামটী কি ?

মৃণা। শ্রীমৃণালিনী মিত্র। আমি হাইকোর্টের আণিলেট সাইডে ওকালতী করি।

মুক্ত। বেশ বেশ, এই ক্ত্রে আলাপ হ'ল বড় সম্ভই হলেম; মানলা মোকদ্মার জন্ত যদি কথন হগলিতে যাওয়া হয় অনুগ্রহ করে আমার বাসায় পায়ের গুলো দেবেন।

ঘটকী। তা দেবেন না ?—কুটুম্ব হলেন, উনি হচ্ছেন বরের বড় ভাজ, সংসারের কর্তাই উনি।

মুণা। এটা আপনার ক্লা ?

মুক্ত। হা।

মৃণা। কি নাম ভাই তোমার?

সরসী। শ্রীসরসীবালা ভঞ্জ।

মূণা। পড়াগুনা হচ্ছে কোথায় ?

স্রসী। শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, থার্ড ইয়ার।

মৃণা। তবে এইবারে ফাইকাল এক্জামিন্?

মুক্ত। ই। এইবারেতেই এক্জামিন্ দেবার কথা, সব ঠিক, ক'মাস ধরে মেহরৎ করে সারারাত জেগে পড়লে, তা অদৃষ্টক্রমে অস্তঃসত্তা হয়ে পড়েছে, এক্জামিনের সময় আগতে আগতে ছ'মাস পার হয়ে যাবে, আর এ বছর কি এক্জামিন্ দিতে পারবে ?

সরসী। মা ভয় পাচ্ছেন, কিন্তু আমার বোধ হয় এক্জামিন্
দিতে পারবো; আমার বিয়েন ভাল, এন্ট্রেন যথন দিই তথন
আমার ছেরা দশমাস, শেষ এক্জামিনের দিনেই ব্যথা হ'ল।

(একজন ভৃত্যের প্রবেশ)

মৃণা। কিরে তুই বাইরে কেন রে?

ভ্তা। (মেয়েণী স্থরে) আপনি একবার বাড়ীর ভেতরে আস্থন বড় বাবু কি একটা বলবেন।

[মৃণালিনী ও ভৃত্যের প্রস্থান।

মূণা। এখন আবার কি দরকার ? যাচ্ছি যা; মশাই বস্থন আমি আস্ছি।

ক্ষীরদা। ও কনে ! কথা কচ্ছনা যে ? তোমার নাম কি বলনা, হাসছ যে, নাম বলতে পার না ?

কনে। তোমার নাম কি বল দেখি আগে?

ক্ষীরদা। আমার নাম জ্রীক্ষীরদাহকরী মিত্র, আমার মা'র নাম ৬ তুর্গেশনক্ষিনী মিত্র।

কনে। কি পড়?

ক্ষীরদা। রয়েল রিডার নম্বর ফোর্থ, গারল্দ্ গ্রামার, প্লমুকুক্দ। তুমি কি পড় ?

কনে। আমি আর এখন গড়িনা, চাকরী করি।

ক্ষীরদা। কোথা চাকরী কর ?

कत्न। हावड़ा श्रूनिरमत रहड करनरहेवन।

ক্ষীরদা। কনেটেবল ! কনেটেবল মানে তো—পা—পা— পাহারাওয়ালা—ভূমি পাহারাওয়ালা? ছও ! ছোট্দাদার পাহারা-ওয়ালার সঙ্গে বে হবে ।

নীরদা। ক্ষীরি তো ভারি চালাকি কচ্ছিদ; পড়াশুনার লড়াই করবি, আমার সঙ্গে লাগ্না।

ক্ষীরদা। তুই তো থার্ড বুক পড়িন্, তুই আমার সংক পারবি ? আমি জিওমেট্রি ধরেছি, তুই তা জানিন ? বল দেখিন, টু ডেন্ফাইব অ্যান্ ইকুইল্যাটারাল্ট্রায়েলে অ্পন্ এ গিত্ন্ ফাইনাইট ষ্টেট লাইন, (To describe an equilateral triangle upon a given finite straight line) কেমন করে প্রভ্ কত্তে হয় বল দেখিন ?

নীরদা। উ: ভারিতো জিজ্জেদ কলি। চট্ করে বল দেখি, "আমি হই উপরে" ইংরিজীতে কি হ'বে ?

কামিনী। আরে ছুঁড়িগুলো তো বড় গোল কত্তে আরম্ভ কলি!

ঘটকী। করুক করুক, বিবাহ সভার ও চিরপদ্ধতি আছে। বক্সী-ঠাকরুণের সঙ্গে আমাদের মেজবৌমহাশরের বুঝি এখনও আলাপ হয়নি ? ইনি হচ্ছেন পাত্রীর মেজভাজ।

मूक । वर्षे वर्षे ! व्यापनात नाम ? कामिनी । धीकामिनी इनती मिछ ।

মুক্ত। যা'র বিবাহ হচ্ছে এইটা আপনার সব ছোট দ্যাওর ? কামিনী। হাঁ।

ঘটকী। শুভকর্ম হ'য়ে যা'ক, তা'রপর একবার ছেলে দেখবেন; যেমন রূপ, তেমনি শুণ, এই বয়দে গেরস্থালির হেন কাজটী নেই যে জানেনা। আবার শুনেছি নাকি এঁরা একটু পড়তে শুনতে শিথিয়েছেন।

मूकः। वर्षे, त्वन त्वन!

কামিনী। আছে। বক্সী-ঠাকরুণ, পুরুষদের লেথাপড়া সম্বন্ধে আপনার কি মত ?

মুক্ত

স্থানার মতে একটু আধটু শিথলে হানি নাই, কিন্তু
বেশী বাড়াবাড়ি কিছু নয়, তা'তে সংসারের ক্ষতি হয়; শুনেছি
সেকালেও কোন কোন পুরুষ লেখাগড়া শিথেছিল।

কামিনী। তা'র প্রমাণ আছে, এমন কি কোন কোন পুরুষ বই পর্যান্ত নিথেছেন; ঈশ্বরচক্র বিভাসাগর, অক্ষরকুমার দত্ত, বঙ্কিমচক্র—

মুক্ত। বিভাসাগর স্ত্রী কি পুরুষ ছিলেন সে সম্বন্ধে মত-ভেদ আছে; এদিয়াটীক্ সোসাইটীতে তাঁ'র যে ছবি আছে, তা দেখলে বোধ হয় যে যদিও তিনি অনেকটা পুরুষের মতন কাপড় পরতেন বটে, তবুও তিনি স্ত্রীলোক ছিলেন, তাঁ'র গোঁফ দাড়ি কিছুই নাই।

সরসী। বিহ্নমচক্রের কথা যা বলছিলেন, যদিও তিনি নিজে একটু আগটু পড়তে শিথেছিলেন বটে, কিন্তু তাঁ'র লেখা দেখলে বোধ হয় যে তিনি পুরুষের লেখাপড়ার উপর চটা ছিলেন; তাঁ'র ব'য়ে পুরুষ ঘোড়ায় চড়ে, লড়াই করে, মেয়েরা রাঁধে, পুরুষের জন্মে কাঁদে! এই রকম ঠাটা করে লেখা আছে।

মুক্ত। আপনাদের কলকেতায় বাস কদিন ?

কামিনী। অনেক দিন হ'ল, আমার দিদিখাভিড়ীর দিদি-খাভড়ী এসে এখানে বাস করেন।

ঘটকী। হাঁ হাঁ ওঁর অতিবৃদ্ধাপ্রদিদিখাগুড়ী—আমায় জিজেদ করুন, বল্লী-ঠাকরুণ আমায় জিজেদ করুন; বড় বনিয়াদি ঘর, ওঁদের কুলুজি আমার কণ্ঠস্থ। তারামণি মিত্র, তন্থা জ্যেষ্ঠা বধ্ ক্ষেমাস্থলরী মিত্র, তন্থা জ্যেষ্ঠা বধ্ ক্ষান্থলরী মিত্র, তন্থা জ্যেষ্ঠা বধ্ ক্ষান্তলায় এদে বাদ করেন, তন্থা জ্যেষ্ঠা বধ্ জগংতারিণী মিত্র, বিলেক জানিত ব্যক্তি, দদর-আলা ছিলেন; তাঁ'র ছই সংদার, ছোটটীকেও বাড়ীতে এনে নিজের কাছে রেথেই প্রতিপালন করেন, একটী

হ'তেও সন্তান হয় নাই, তাঁ'র কনিষ্ঠা জা নিস্তারিণী মিত্র, জাষ্ঠা বধু হেমান্সিনী মিত্রকে রেথে কাশী প্রাপ্ত হন, তাঁ'র জোষ্ঠা বধু সরোজিনী মিত্র, তাঁর বধু—

(মুণালিনীর প্রবেশ)

এই দেনীপ্যমানা সম্মুথে জাজ্জন্যমানা মূণালিনী মিত্র, হাইকোর্টের উকীল, কবে জজ হয়ে বেঞে বদেন !

মূণা। পুরুতঠাকরুণ বলছেন ঠিক লগ্ন হয়েছে, আপনারা অনুমতি করেন তোবর পাত্রীস্থ করা যায়।

সকলে। হাঁহা শুভকর্মে বিলম্ব কি।

মৃণা। তবে পাত্রীকে নিমে যাওয়া যাক, নাপ্তিনী কোথার ? নাপ্তিনী। এই যে আমি ঠিক আছি।

কামিনী। কনের জুতো দাও, কনের জুতো দাও।

ঘটকী। ওগো বেটাছেলেরা, বাড়ীর ভেতরে একবার শাঁকটা বাজাওনা গো—

(নেপথ্যে শঙা ও পুরুষকঠে হলুধানি।)

কামিনী। (নিমন্ত্রিভাগণকে) আসতে আজ্ঞা হয়, বৈঠক খানায় চলুন।

[সকলের প্রস্থান

দ্বিতীয় দৃশ্য।

অন্তঃপুর-দরদালান।

(মেয়েলি সেমিজের উপর ডুরে আদি শাটী, ধুতিভাবে পরিধৃত দ্বারিক, শীরাম ও মাধব, কথাবার্ত্তা মেয়েলি স্থরে)

মাধব। বড়দাদা কি কচ্ছে?

দারিক। হাই আমলা বাটছে।

শ্রীরাম। বড়দাদার ভাই খুব গতর, এই যজ্জির কাজটা বলতে গেলে একলাই কচ্ছে; আমার তো পোড়া শরীর, চাড়িড ধনে বেটে দিরেই নড়া হুটো টাটিয়েছে, হাত নাড়তে পাচ্ছিনি।

দারিক। বড়দাদা না থাকলে এ সংসার এক দিন চলে ! গতরে না হয় ছ একথানা কলুম, কিন্তু অমন গুটোনটা কেউ আর গুছুতে পারবে না, তার ওপর জ্যাঠামশানের ভাঁড়ার থেকে জিনিষ বার করে দেবার তো ঐ ছিরি, একটা মাছ সাঁতলাবার তেল, পলা পলা করে ছ' বারে দেবেন।

প্রীরাম। আর তার ওপর দাদার মুথে কথাটা নেই, সদাই ছাসি মুথ; এক এক সময় জ্যাঠামশায় গঞ্জনা কি কম দেন।

মাধব। যাগ্গে, চল ভাই হাতাহাতি করে পানগুলো সেজে
নিইগে, তারপর একটু পরিকার ঝরিকার হয়ে নিতে হবে ভো,
এখনই বরণ টরণ কতে হবে।

প্রীরাম। আমি যে ভাই কি করে বাদর জাগবো তাই ভাবছি, ও এবার বাপের বাড়ী যাওয়া অবধি কি মে পোড়া ঘুম হয়েছে, ঘরে সক্ষাটী দেবার পর থেকেই চোথ ঘেন ঢুলে আদে, ছোট ছেলেটা এত কাঁদে আমার সাড়াও থাকে না।

দারিক। শুনেছি কনে বড় রসিক, জিদ্ করে ধরে বসবো গানটান গাইয়ে তবে ছাড়বো।

গ্রীরাম। আমি ভাই ছেলে ঘুম পাড়াবার নাম করে একটু ঘুমিয়ে নেব, থানিক রাভিরে মেজদা আমায় ডেকো।

ছারিক। মাধবের তো ঘুম পাবে না?

মাধব। পোড়া! এমনিতেই যার সারা রাত্তির ঘুম হয় না; ও সেই অত রাত্তিরে আসে তার পর থাবার টাবার দিতে শুতে আর রাত কতটুকু থাকে।

দারিক। বড়দা'কে ভাই আজ ধরে বেঁধে বাসরে বসাতে হবে।

মাধব। তিনি বসবেন না, আবার তার ওপর বড়বৌ-ঠাকরুণের শরীর অস্থথ, রাত জাগা সমনা, তিনি হয়তো বে হয়ে গেলেই বাড়ীর ভেতর এসে শোবেন।

(গোয়ালার প্রবেশ)

গোয়ালা।— (গীত)

বাঁটের মুখের খাঁটা ছুধ কে নিবি তা বল।
সের করা আধাআধি খালি কলের জল॥
মাইরি বলছি ভাই, আমার ভগলপুরে গাই,
গইলে বাঁধা কইলে বাছুর এক বিয়েনের ফল।
টাকাতে ছ' সের, দিচ্ছি এই ঢের,
থেঁড়ো গাইয়ের গাঢ় ছুধে গায়ে বাড়ে বল॥
ছুধ চড়ালে কড়ায়, ননী আপনি গড়ায়,
এক বলকে চল্কে ওঠে যেন যৌবন চলচল॥

গোয়ালা। কোথা গো কর্মবাড়ীর লোকেরা ছ্ধ নাও।
মাধব। ঘোষের পো যে, ঘোষের পো যে! ঘোষের পো
না হলে বাড়ী জম্কায় না।

শ্রীরাম। ইস্, ঘোষের পোর বার হ'ল তবু বাঁচলেম।
গোয়ালা। হাঁগা দাদাবাবুরা, ভোমাদের কি রকম বিবেচনা,
এমন সময় সামি তিন সের হুধ পাই কোথায় বল দেধি ?

দারিক। বলি এখন এনেছ তো, বাড়ীতে পাঁচজন কুটুসু ছেলে পিলে নিয়ে এসেছে—

গোয়ালা। আনবনা কেন ? এতো গাইয়ের ছ্ধ, তোমাদের ঘোষের পো কি না পারে ? বলে পর, বাঘের ছ্ধ অবধি আনতে পারে !

মাধব। যোষের পো ভাই বড় মলার লোক, আজ ওকে বাসরে রাথতে হবে।

শ্রীরাম। হাঁা হাঁা, ঘোষের পো আর বাড়ীগে কাজ নাই, থাওরা দাওরা করে এথানে থাক, আমাদের সঙ্গে বাসর জাগতে হবে।

গোরালা। থাকবার যো কৈ দাদাবারু, গিরি আজ তিন দিন হ'ল উলুবেড়ের হাটে গিয়েছেন একটা গাই কিনতে, আজও থবরটী নেই ! ছ্র্যটুকু মেপে নেবে চল শীগ্গির শীগ্গির ঘরে যাই।

মাধব। আহাথাকনা।

গোরালা। না দাদাবাবু কাল তথন ভোরে আসুবো। প্রীরাম। তবে ভাই আর একটী গান গুনিয়ে যা, মাথা থাস্। গোরালা। সেজ্দাদাবাবুর গান শোনা এক বাই। মাধব। গা'না গা'না, আজ আমোদের দিন।
গোমালা। আবার কতা এসে পড়বেন।
মাধব। তিনি এখন কোথা, কত কাজে ব্যস্ত।
গোয়ালা। নেহাত ছাড়বেনা তো শোন।

(গীত)

আমার স্থধুই কি ছুধে চলে।
স্থধু ছুধ হলে খুদ মিলতো কপালে।
আমি কত মন্ত্ৰ জানি, কত আপনি বাখানি,
এলোচুলে ঝাড়লে পরে সদ্য ফল ফলে।
আমি না থাক্লে পরে, কোন্ নারী বা চাকরী করে,
পেটপোড়া কে দেবে তারে বন্ধ করতে ছেলে॥
যদি পড়ি আমি জল, নারী-ধরা কল,
বারমুখো যার প্রাণেশ্রী পড়ে পদতলে॥
এইবার তো হ'ল, হুধ মেপে নেবে চল।

मकला धम, धम।

[সকলের প্রস্থান।

তৃতীয় দৃশ্য।

চাঁদলাতলা।

(বিশ্বস্তর, জ্যাঠা, কুটুশ্বগণ ও নাপ্তিনী)

বিষ। ও দাদামশাই তুমি ওথানে দাঁড়িয়ে রইলে কেন ?
দনাতন কি জানে শোনে ? তুমি এদে দেখিয়ে ভানিয়ে দাও।
জ্যাঠা। বিশ্বস্তর কি ফাকা হলি ? গিলি গিলেছেন, আমার
কি শুভকর্মের জিনিব ভোঁবার বো আছে।

নাপ্তিনী। নাওনা গো বরণ টরণ করে নাওনা, কনে কতকণ পিঁড়িতে দাঁড়িয়ে থাকবে ?

বিশ্ব। এরা সব কোণায় গেল ? দোয়ারি, জ্রীরাম, মাধ্ব কা'কেও যে দেথতে পাচ্ছিনে ? হাঁরে ও দোয়ারি—

(দারিক, এরাম ও মাধবের প্রবেশ)

দারিক। এই যে কাকা, কাপড়টা ছেড়ে এলেম।
জ্যাঠা। আছো তোদের কি কিছু আঙ্কেল নাই, বরকনে
পিঁডিতে দাঁডিয়ে আর ডোরা রং কচ্ছিল।

শ্রীরাম। রং আবার কি কচ্ছিলেম জ্যাঠামশার ? পানটান সাজলেম, তুধ জ্ঞাল দিলেম, কোন দিকে কি করবো!

নাপ্তিনী। নাও নাও গো, আর গোল করোনা বরণ কর। বিখ। সনাতন বরণ কর।

দ্বারিক। ছোট-মামাও সব কাজ ভাল জামে, বরণটা করে ফেল।

(दत्र १ कत्र १)

জীরাম। মেজ্দা' ঝারিটে নাও।

দারিক। তুমি ঘোর, মাধব গায়ে পড়িস কেন, ঘোর্না।

সকলে।

(গীত)

আহা কনে কি নয়না হানে।
প্রাণ জরজর মদন-বাণে॥
ও কেমন চায়, মাথা যে ঘূরে যায়,
আমার লাজুক বর ঘোমটা টানে।
বড় সেয়না কনে, কত ছলা জানে,
আমার নেয়না মনে—
মানা কর, চায়না আমার পানে;
কচি বর কিছু জানেনা,
কনে বুঝি মানা মানেনা,
প্রেমে ভাসাবে সই প্রাণের টানে॥

নাপ্রিনী। নাও পিঁড়ে ধরগো, সাতপাক ঘ্রিয়ে বর কনেকে শুভদৃষ্টি করাও; তোমরা পারবে না বাইরে থেকে চারজন মেয়েকে ডাকবো প

দারিক। না, এই আমরাই নিচ্ছি মেয়েদের আর কট্ট দিয়ে কাজ নাই।

নাপ্তিনী। নাও তোল; ভালমন্দ লোক থাক তো দরে যাও, গোঁপ পেকে যাবে, মাগের ছয়ো হবে। তোমাদের নিত্কিত্ যা আছে করে নাও, পিঁড়ি স্কুদ্ধ বাইরে নিয়ে যেতে হবে।

[সকলের প্রস্থান।

চতুর্থ দৃশ্য।

রাস্তা।

(স্ত্রীলোকগণের আফিস যাইবার বিবিধ বেশে গীত)
রাঁধা বাড়া হাঁড়ীকাড়া ঘুচেছে বালাই।
শিলে লেগেছে আগুণ নোড়ার মুখে ছাই॥
আমাদের করে স্বাধীন, মিন্ধেরা হ'ল অধীন,
আফিস থেকে বাড়ী গিয়ে খাটে শুয়ে পা টেপাই।
ব্যাচারারা ভাই রাঁধে,
উন্থনে ফুঁপাড়ে আর কাঁদে,
আপনার ফাঁদে আপনি পড়ে হাবুডুবু খাছে ভাই॥
আমাদের আর কেবা পায়,
পতি সদা পড়ে পায়,

অন্দরের গন্ধমাত্র দেখ আর গায়ে নাই॥

১ম স্ত্রী। আজ কি ট্রামওয়ে বন্ধ নাকি ?
২য় স্ত্রী। তাইতো বড়্ড বেলা হ'ল যে, ন'টা বাজে।
৩য় স্ত্রী। বাজুগ্গে, আমার পিসী বড় বাবু।
নেপথ্যে। পাতথোলা লিবিগো।

(পাতখোলাওয়ালা ও পাতখোলাওয়ালীর প্রবেশ)

(গীত)

কে পোয়াতি রসবতী খোলা লিবি আয়রে। এমন খোলা বিকিয়ে গেলে মেলা হবে দায়রে॥ আমার আপন হাতে গড়া, পোণে পোড়া গ্রম কড়া,
দরেতে নরকো চড়া, অমনি পড়ে পায়রে।
দৌদাগন্ধে মন মাতে, আবার কুড়কুড়ে তাতে,
এ পাতখোলা খেলে পরে পোলা কলে পায়রে॥

পা, ওয়া। পাতখোলা লিবি গো?

১ম স্ত্রী। ওরে এদিকে আয়, এদিকে আয়, ক'থানা করে?

পা, ७ग्रा। পইসায় দশঠো।

১ম জী। দশথানা করে, পনেরথানা দিবিনি ?

পা, ওয়া। নেই, বারঠো মিলবে মন হয় লে, নেই চলি।

১ম স্ত্রী। দে আবে কি করবো।

৩য় স্ত্রী। আমায় এক পয়দার দে।

পা, ওয়া। এই লেও। (থোলা দেওন ও পয়সা গ্রহণ) পাতথোলা লিবি গো।

ি পাতথোলাওয়ালা ও পাতখোলাওয়ালীর পূর্ব্ব-গীত গাইয়া প্রস্থান।

১ম স্ত্রী। তোমারও নাকি ?---ক' মান ?

৩য় স্ত্রী। আমার ভাই সবে তিন মাস।

১ম স্ত্রী। আমার ভাই আর চলেনা, সাহেবকে বলেছি
ছুটীর কথা; পেটের ভেতর ঠেলে ঠেলে উঠে, বিউলে আদ্ধেক
বই মাইনে দেবেনা বলেছে, আমাদের যে পাজী আফিস

ত্ম স্ত্রী। আমাদের সাহেব কিন্ত ভাই আঁতুড় ধরচ পর্য্যন্ত দেয়।

১ম জী। তোমাদের ভাই "রেলি" তা'দের কথাই জুদো।

৪র্থ জ্ঞী। চল চল পাড়ী দেখা যাছে, ঐ মোড়ে চল, ফুর্ব্তি করে চলী।

(গীত)

সকলে।—আমরা বেরিয়েছি সেই ভোরে। মিন্ধের। ঘর নিকুচ্ছে ঘরে॥ মেল-ডে পড়েছে আজ. সাহেবের ভারি ঝাঁজ. কাজ সারতে আজ ঘাম যাবে ঝরে। স্থপারিণ্টেণ্ডেণ্ট পদি-পিসি. -- FC তা'র অগুারে কলম পিসি, সকলে।—সাহেব শালা চোখ রাঙ্গালে. আঁখি ঠারি বকেয়া চালে. ঠারা-চোথে রাঙ্গা-মুখোর মাথা যায় ঘূরে॥ ২য়।—আমি রেলির সদর মেট্ ৩য়।—পিটোকোচিন পোরায় আমার পেট. করেকজন।—গ্রেহেম গুদামে মোদের রেখেছে ভরে। ৪র্থ।—আমার মনিব টেলার বেকার ৫ম। – প্যাকার আমার ফরচুন-মেকার, কয়েকজন।—মন্টিথ্ রেখেছে ভাই আমাদের ধরে। ৬। - যা করেন মোর পোষ্ট আফিস, ৭ম।—তুই তো ভাই তিশি মাপিস,

ক্ষেক্ষন।—পুলিশে ঢুকেছে ইয়ার এরা তিন চোরে।
সকলে।—ছিলাম অবলা সরলা, সহে বিরহ জালা,
এখন পুরুষ পাতি, ফুলিয়ে ছাতি
কলম চালাই সজোরে॥

সকলের প্রস্থান।

(তুইজন উডের প্রবেশ)

পরশু। মুরহিমিনি, ইয়াঁড়কুমুরহিমিনি। বিদা। কাঁইকি পরশুভাই, এতে থপ্না কাঁই ? বঙ্গাড়িক অশে আউছন্তি, রোজকার করিবি, নেউটী জিবি কোঁউটী ?

পরভ। মতে বেতে কোঁউ বিদা, কল্কতা মুরহিমিনি, মুবিহানকু জহাজ চড়িকিড়ি জাজপুর জিব। এ স্থপনা শড়া কোঁউটা গিলা—এ স্থপনা ভাই—স্থপনা ভাই—ই—

(नशर्था अशना। हे-हे-हे है।

পরভ। আরে ইয়াঁড়কু আসো, আরে ইয়াঁড়কু আসো।

(স্বপনার প্রবেশ)

স্থানা। কাঁইকি ডাকিছু পর্ভ ভাই ?
পরভা। কঁড় করিথিলা, জাজপুর জিবিনি ?
স্থানা। জিবিনি কাঁই ?
পরভা। ফুগা থও দ্বিথও ঘোথিলা বাঁধি লেউছি ?
স্থানা। হ, হ,—
পরভা। যুৱা কর, যুৱা কর, জয় প্রভু জগড়নাথ।
স্থানা। টিকা ঠারি যা— ম্ঘা আউছন্তি সাথ জিব।

পরশু। ধাঁক্ড়ি শেউ, ধাঁক্ড়ি শেউ, হাঁক দে হাঁক দে। স্থপনা ি এ মঘা ভাই---মঘা আই ! নেপথ্যে মঘা। উ-উ-উ---ঠার---ঠার আউছস্তি।

(ম্বার প্রবেশ)

মঘা। অবধাঁড় পরশু ভাই। পরশু। অবধাঁড়, দ্যাশ জিব ?

মঘা। দেখিছন্তিনি হুগাপট্টা ঠিক করি লেউছি, পাঁচ তঙ্কা জহাজ ভড়া লেউছি; বাপো বাপো কল্কতা সহড়কু মহুষ থাড়ে? মাইকিনি মরদ বনিব, কঁধা করিব, জড় ভুড়িব, গ্যাসপানি কাম করিব; আউ মু সব রন্ধা করিম্, গোড়-বড়া নাক-গুণা পরিমু; পড়া পড়া, কল্কত্তা ছোড়ি পড়া।

বিদা। এ পরশু শড়া যেত্তে উড়িয়াকো পাগড় করুছি।

পর্ভ। বিদা-

বিদা। পরশু---

পরঙা তুমতে শড়া বলিলি কাঁই।

विमा। वाां ककृष्टि वनूष्टि, जु सात्र कँड़ कतिवि ?

পরশু। কঁড় করিমু দেখিবি **? পণ্ডাঠাকুর কহিকিড়ি** । তোর জাত বট্টা করিমু।

বিদা। তুমোর জাত বট্টা করিবি ? শড়া গোয়াড়! মারি পোকুাই দিমু!

পরভ। কি তুমতে মারিবি ? আসো—

বিদা। মারিব নাত কি, আদো শড়া।

পরভ। শড়া তোর ভোঁউড়ি! মারিবি তো আসো।

रिना। आप्ताना गड़ा পड़ार्रेहि काँरे ?

পরভ। পড়াব না, তোতে কি মুডরিমু? যদি মারিবি তোমুকতিকি আসো।

বিদা। শড়ার মোচ মু উথাড়ি দিব--

পরগু। শড়ার ঝুঁটা ধড়িকিড়ি—

মঘা। এ পহারাবালা! এ পহারাবালা মাই! এ বঙ্গাড়ি পহারাবালা মাই! দঙ্গা হইছি! দঙ্গা হইছি!

(ছইজন পাণ্ডার প্রবেশ)

এ পণ্ডাঠাকুর আপনাক্ষ দেখ, এ বিদা পরভ দঙ্গা ককছি।

১ম পা। আরে দঙ্গাকরুছি কাঁই ?

পরশু। অবধাঁড়, গোড় লাগুছি।

বিদা। অবধাঁড়, গোড় লাগুছি!

১ম পা। জয়, জয়, জয়।

পরভ। মতে বিদা শড়া, শড়া বলিল।

বিদা। বলিবিনি, শড়া ভঞ্জ; যেতে উড়িয়াকো পাগড় ককছি, কোঁউছি এঠারে ঠারলে মাইকিনি মরদ বনিব, মরদ মাইকিনি হব।

১ম পা। আরে বিদা তু শুনিমিনি, পরশু ঠিক কোঁউছি।
শৃড়া বঙ্গাড়ি যেতে মরদ সব মাইকিনি হউছি, মাইকিনি আর
পন্কি চড়বিনি, জগড়নাথ জিবিনি, সব পগড়ি বাঁধিকিড়ি
হপিস যাউছি।

বিদা। হেই অত্মারাম ঠাকুর, বলভদ্রঠাকুর ঠিক কোঁউছি? হেই ? ২য় পা। ঠিক ঠিক, জাত জিব। পড়া পড়া,——ভাগড় ভাগড়। সকলে।— (গীত)

ভাগড় ভাগড় হো, ধাঁকুড় কুড় কুড় কুড় পড়াই।
বঙ্গাড়া দ্যাশড় গোড়কু গড় করছু ভাই॥
কঁড় মন্তড় পড়ি কিড়ি, পন্কি ছোড়ি চড়ছু গাড়ী,
বঙ্গাড়ি মাইকিনিয়া কাঁই;
কল্কতা পকাড় ভাত পড়িগিলা ছাই।
মাইপো করব কঁধা, মতে ধরাইব রঁধা,
উড়িয়া বনব গধা উড়েনী সিপাই॥
কোঁউটী প্রভু জগড়নাথ, বঙ্গাড়ি কাড়ি নিল জাত,
টান দেহ ড্রি ধরি দ্যাশ চড়ি যাই॥

পঞ্চম দৃশ্য।

সভাগৃহ।

(সভাপত্নী ও সভ্যান্ত্ৰীলোকগণ)

ননী। পূর্ববক্তা যাহা বলিলেন তাহা যুক্তিসক্ষত হইলেও আমি অনুমোদন করিতে পারি না। এথনও জীমাদের স্ত্রী-স্বাধীনতা সম্পূর্ণহয় নাই; কে বলে গোঁফে স্ত্রীলোকের শোভার হানি করে! ভগ্নিগণ, মনে কর যথন আমরা মেডিকেল কলেজে যাই, যথন হাইকোর্টে ওকালতী করিতে যাই, হাওঁসে, অফিসে, গুলামে—যে যে ভগ্নী যে যে কার্য্যে যান, সর্বর্ত্ত্র সর্বকার্য্যে গোঁফের আবশ্রুক।

সকলে। হিয়ার হিয়ার ! (Hear! Hear!)

ননী। অধম পরাধীন অন্তঃপুরবাসী পুরুষগণের গোঁফ আছে, আর আমরা বাহিরে, সভায়, জনতায়, গোঁফ নাই বলিয়া লজ্জা পাই—কি ঘুণা। কি লজ্জা।

সকলে। শেম শেম (Shame ! Shame !) (করতালি) গিরি। চেয়ার-উওম্যান আতে লেডিজ্ ! (Chair-woman and Ladies) আপনাডের অবশ্রস্তাবী ভূট্য, জি, বি, ল্যাহিরি. এল, আর, সি, পি. (G. B. Lahiri, L. R. C. P.) কে যডি কিছু বলিটে ডেন টো সে বোলে; যে গোঁফের জন্ম ননীবালা বিড্যালম্বার এই স্থার বক্টুটা করিলেন, আর আপনারা সকলে ব্যাষ্টো, সেই গোঁফ অটি সট্যবেই উঠিতে পারে, এবং সঙ্গে সঙ্গে একটা মহট উপকারও হইটে পারে, আমাডের ছেলে হওয়া বঙ হইটে পারে। (করতালি) আমাডিগের উডরের মঢ়ো ওভেরিয়া (Ovaria) নামক এক যণ্ট্র আছে, যডি অপারেসনের (Operation) ভারা টাহা রিমুভ (Remove) করা যায় টাহা হইলে আমাডিগের গোঁফ ডারি উঠিটে পারে ও সণ্টান হওয়া বণ্ড হয়; এ কঠা বিজ্ঞান সন্মট। অটএব আমি প্রপ্তাব করি যে. আগে যে সকল খ্রীলোক, ডরওয়ান, খ্যান্সামা ও অক্সান্ত ভূট্যের ঝাজ করে, টাহাডের উপর এ বিষয় এক্সপেরিমেন্ট (Experiment) করা হউক : আমাডের অপেকা টাহাডের গোঁফ ভারির অটিক প্রয়োজন। একণে বিরাজমোহিনী সেন কি

বোলেন টাহা শুনা আবগুক। আমি আর অটিক বালালা বলিটে পারিটেছি নাঁ, আপনারা মাপ করিবেন। (করভালি)

বিরাজ। ডাক্তার গিরিবালা লাহিড়ি যাহা বলিলেন, এ কথা যুক্তিসঙ্গত হইলেও তাহাতে আমার এক বিশেষ আপত্তি আছে। যতদিন পুরুষের গর্ভ হওয়ার কোন স্থবন্দোবস্ত না করা যায়, ততদিন আমাদের সন্তান প্রসব বন্ধ করা নিতান্ত স্বার্থগরতা। আমার মতে সকল উন্নতি ক্রমে ক্রমে ধীরে ধীরে হওয়া উচিত। দাড়ি গোঁফ এবং পুরুষের সন্তান প্রস্ববের ব্যবস্থার ক্রম্ত আপোততঃ আমেরিকার গেমোরিয়াল (Memorial) পাঠান হোক,আমেরিকাবাসিগণ স্ত্রীলোকের স্বাধীনতার জন্ত যাহা যাহা করিয়াছেন, জগতে তাহা কোন জাতিই করিতে পারেন নাই—

অনঙ্গ। বোল করেন, বোল করেন, চুপ দেন, আমিও বক্তা করবো বইলে সোভার আস্ছি, আমারে কিছু বল্ভি দেন, এই দণ্ডারমান অইলাম। সোভাপত্নী-ঠাক্রাণ ও বদ্ধরমহিলাগণ! পূর্ববক্তা প্রীযুক্তা বিরাজমোহিনী দেন, এম্, এ, মশা ঝা বল্লোন, তার বিরুদ্ধে আমার কিছু বলবের আছে; তিনি যে বল্লোন, যে উন্নতি ক্রমে ক্রমে শনৈ: শনৈ: অওয়া আবশ্রুক, এ কথা আমি না করছিনা; কিন্তু তিনি যে কইলান, আমেরিকাবাসিগণ বরই উন্নত, আমরা তাগোর বাঁটেও লাগিনা; এ কথার আমি ঝারু মারি। উন্নতি কলে কল্কভা পিছায়ে পরছে সভ্যা, কিন্তু পূর্ববিদ্ধের গৈরব এখনও বোর্ত্তমান; আপনারা যইন্তাপি আমার ভ্যাকা বজেট্ মধ্যা মধ্যা পাঠ কইরে আমাকে বাইন্ত কইরে থাহেন তা অইলে অবশ্রু বদ্ধর মারেমান্ত্রম মাত্র স্থানি কত ল্যাথছি!

আমাগোর কেন মোচ ওঠবা না ? মোচের জইন্ত আমেরিকার শলা লবার কি আবশ্রুক আমি তো বুঝি না। আমি আপন চইক্ষে তাথছি, ড্যাকাতে চ্যাংড়াগুলা মোচ উঠাইবার লেগে নাপিতারে পুইদা দিয়া থাম্কা থাম্কা থাউরি করে; আমরা বদর-মহিলাগণ যইন্তপি সেই পথ ওবলম্বন করি তা অইলে অইধ্যবদায় কইরে থাউরি কর্তিথাউরি কর্তি থাউরি কর্তি অবশুই মোচ দেখা দিতি পারে। (করতালি) আর পুরুষের সন্তান প্রদ্ব—আমি বজ্রনাদে চিচাইয়ে কইতি পারি যে পূর্ববিদ্ধ এ সম্বন্ধে পথ দেখাইব। আপাততঃ যাতেদ্র আমাগোর আতে আছে তা কেন না করি ? এই যে এতকাল আমরা মর্দগোর কাচা আঁটাইর্যে রাথছি এডা কি বদর দম্মত ?

সকলে। হিয়ার হিয়ার ! (Hear Hear !)

অনঙ্গ। আমাণোর অন্তঃপুরবাসী—তাগোর হাত রার কর্মছি এডা কি সৈভাতা ?

সকলে। শেম শেম ! (Shame ! Shame !)

অনঙ্গ। আমার সোহকারী সোম্পাদিকা প্রীযুক্তা কহিণীমণি তোলাপত্তর বোলেন এবং আমিও সে বাক্যের অন্থুমোদন করি, যে মর্দ্দগোর কাচা ঘুচায়ে ভান আর তাগোর থাকু চুরি পরান।

সকলে। হিরার হিরার ! (Hear ! Hear !) (করতালি)। অনঙ্গ। আমার প্রস্তাব অন্তই বাক্যে ঝা বলাম কার্য্যে

ভা পরিণত করেন, মর্দ্দলোর মায়েমান্ষের আবরণ দেন।

সকলে। এগ্রিড্ এগ্রিড্! (Agreed! Agreed!)

অনঙ্গ। বিস্তর বাইক্যব্যয় করে সোভার সময় নট করলাম, কিন্তু পুর্ব্ধবঙ্গের গৈরব, বিশেষতঃ ড্যাকার গৈরব রইক্ষা করা আমার **কৈর্ত্বা, এইজই**ন্ত সোভাপত্নী-ঠাক্রাণ আর বদর-মহিলা ব্যিগণ আমায় মার্জনা কর্বোন। (কর্তালি)

সভাপত্মী-মৃণা। সভ্যাগণ ! বিশেষ কার্য্যোপলকে আদালতে বিলম্ব হওয়ায় আমি সেইখান হইতে একেবারে সভায় উপস্থিত হইয়াছি, স্কৃতরাং বক্তৃতার জন্ম আমি উত্তমরূপে প্রস্তুত নিহ ; তবে এইমাত্র বলি যে, স্কুপ্রসিদ্ধ ঢাকা-বজেটের সম্পাদিক। প্রীযুক্তা অনন্ধমঞ্জরী গুহা মহাশয়া যে স্কুললিত স্কুদীর্ঘ জ্ঞানগর্ভ বক্তৃতা করিলেন এবং আপনারা সোংসাহে করতানিধ্বনি দারা তাহার যেরূপ অন্ধুমোদন করিলেন, তাহাতে ভাঁহার প্রস্তাব গ্রহণ করা আমার বোধ হয় সর্ব্ববাদীসম্মত। (করতালি) ভিনি যথার্থ বলিয়াছেন, যে পুরুষদের স্ত্রীবেশ পরান নিতান্ত আবশুক; আমার বাড়ীতেই, অন্ধ, এইক্লণে, সেই কার্য্য প্রাকৃটি কোল (Practically) আরম্ভ করি। (করেতালি) বসন্ত, তুমি বাড়ীর ভিতরে যাও, এখনি তা'দের শাড়ী গহনা টহনা পরাওগে। (করতালি)

বিরাজ। আমি এ প্রস্তাব সম্পূর্ণ অন্ন্যোদন করি, কেবল একমাত্র কথা যে আমাদিগের বেণী, কর্ণাভরণ ও হাতের বালা ত্যাগ করিব না। (করতালি)

অনন্ধ। এ কথার আমার আপইতা নাই, কেন্না দেখা যার যে পশ্চিমা থোটা পুরুষগুলা—কাণে, আতে অলকার পোরেন, কোমন্তর কিছু থাকলেও আমার বাধা নাই।

বিরাজ। এ প্রস্তাব আমি দ্বিতীয় (Second) কার। ননী। আমি এ প্রস্তাব ভরণপোষণ (Support) করি। সকলে। সর্ববাদীসমত। (থাকমণির প্রবেশ ও গীত)

আঃ বেঁচেছি। আমরা সব কাচা এঁটেছি॥

কে দেয় বাবা চুলোয় কাঠ, ভাতার দেখে করে ঠাট, প্রাণটা আমার গড়ের মাঠ, তাইতো মাল টেনেছি। ছোঁড়ারা নাড়ুক হাঁড়া, ছুঁড়ীর দল চড়বো গাড়ী, যা'ব যা'র তা'র বাড়ী, তাইতে ফুর্তি করেছি॥

শালারা সব পরুক নৎ,
করুক মোদের দণ্ডবৎ,
আমরা পেয়েছি পথ. মদ থেয়ে মেতেছি॥

মূণা। থাকমণি বাবু, থাকমণি বাবু, এ যে মিটিং! (Meeting) থাক। এই যে বাবা আমিও চেয়ার নিয়ে সিটিং! (Sitting) মূণা। একট ঠাণ্ডা হ'য়ে বস।

থাক। ক্ষ্যাল আইদের মত ঠাণ্ডা হ'য়ে আছি।

অনঙ্গ। বগ্নী কি মাল টানে আস্ছেন? ভাশা থায়ে সোভায় আসাটা বদার উচিত অয় নাই। আমরাও ভাসা থাই, কিন্তু কোথন, কুথায় ? সন্ধার পর, বাসায়, গোপনে।

থাক। তামাক দেরে—

মূণা। থাকমণি বাবু যে একেবারে পুরুষের বেশে ? থাক। আমি বাবা তোমাদের মিটিংএর অপেকা রাথিনি,

শাড়ী চুড়ী আর ভাল লাগেনা।

ननी। थाकप्रिन वातू वड़ आपूरत।

গিরি। কিণ্টু প্রকৃষ্ট ডেশহিটেষী।

থাক। বাবা কাল আমোদ গড়িয়ে গিয়েছে, তামাক দেৱে—
মূণা। থাকমণি একটু থাম, কাল বড়দিন, আমাদের এক্সমাস্ প্যারেড; (X'mas Parade) কর্ণেল নিতম্বিনীর ইচ্ছা যে গ্রাউপ্ত ইলিউমিনেট্ (Ground illuminate) করে বেশ মুন্লাইট্ প্যারেড (Moon-light Parade) হয়।

সকলে। অতি উত্তম! অতি উত্তম!

থাক। আমারও প্যারেড আছে, প্যারেডে আমি ফার্স্ট গ্রেড।
মূণা। আমার ইচ্ছা, যথন অনক্ষমগুরী গুহা মহাশরা
কলিকাতার আছেন তথন উনিও আমাদের সঙ্গে প্যারেডে
যোগ দেন।

অনস। এ বালো যুক্তি, আমি এতে নাকরছি না; আমি ড্যাকা প্রুডেণ্ট-বলেন্টিয়ারের প্রাইবোট্ট ইউনিফরম আমার সাথেই আছে, চালার ক্যাতাবে আমার নামে ডের টাকা লিথেলন, ড্যাকা যাইয়েই মনি অর্ডার করবো। এহন চলেন উদ্বোগ করা যাক।

থাক। তামাক দেরে-

গিরি। আই প্রোণোজ এ ভোট্ অফ্ থাাক্স্টু দি চেয়ার। (I propose a vote of thanks to the Chair.)

সকলে। হিমার হিমার ! (Hear ! Hear !) (করতালি)। মৃণা। তবে অভ সভার কার্য্য শেষ হউক।

থাক। তামাক দিলিনি-

ি সকলের প্রস্থান।

ষষ্ঠ দৃশ্য।

রাস্তা।

নাবীবেশে পুরুষগণ।— (গীত)

ঘাট হয়েছে বাপ।
সবাই মোদের কর মাপ।
মাগীদের স্বাধীন করে, এখন যেন ম্যাড়া লড়ে,
আমাদের ঘাড়ে চড়ে দিচ্ছে উল্টো চাপ।
ঘুচে গিয়েছে কাছা, অন্দর হয়েছে থাঁচা
এখন যে প্রাণে বাঁচা গেল জন্মের পাপ।
ভাবলেম হ'বে স্বাধীন, মজা দেবে ছ'দিন,
এখন দিন পেয়ে ধিন্ ধিন্ নাচে একিরে বাপ দাপ।
মাগীকে মিন্যে কর্তে, যে আর বলবে মর্ত্তো,
পোঁতো তা'রে ইঁতুর গর্তে.

পোতো তারে হ ছুর গড়ে,
জেনো সে স্বয়ং কলির কাপ ॥
থেলেম কাণমলা নাকমলা, ফিরে কোন্ শালা,
জ্রী-স্বাধীনতার কথা নিয়ে করবে লাফালাফ।
মেয়েদের দণ্ডবৎ, দিলাম এই নাকে খৎ,
যেমনি পাপ করেছিলাম তেমনি পেলেম তাপ ॥

[গাহিতে গাহিতে সকলের প্রস্থান।



গডের মাঠ।

(कर्पन निजिमिनो ७ ज्लान्तियात-त्रभगीशन । *)

কর্ণেল। টেনসন্ণ, সেটান আটে আর ইজ্ণ,—টেনসন্ —রাইট্ টারণ°, আজো বার°। বলি ভোমরা যুদ্ধে যেতে পারবে তো?

छ. नकल। विन है। हिं। कर्लन।

কর্ণেল। বন্দুক ছুড়তে পারবে তো ?

छ. नकरन। शांत्रराना (कनरा कर्लन।

কর্ণেল। তোমাদের যদ্ধের কি বল ?

७, मकरन। नाजीत वन, योवन वन, जा'त्व इ'राहि चाधीन ছিপ্তাণ প্রবল।

কর্ণেল। বেশ। রাইট এবাউট টারণ°—ফ্রন্ট°, কুইক मार्फ , इल्डे॰ ; ग्रामत्नल সং॥। ভলেন্টিয়ারগণ।---(গীত)

> আমরা কি ডরি অরি। নয়ন-বাণে ভুবন জয় করি॥ আমারা হয়েছি ভলেন্টিয়ার. আর কারে করি কেয়ার. পরেছি এ ইউনিফরম হয়েছি মিলিটারি।

এখানে সকলে ড়িল (Drill) করিবে।

⁽²⁾ Attention. (3) Stand at your ease. (9) Right turn. (8) As you were. (c) Right about turn. (b) Front (9) Quick march. (w) Halt. (a) National song.

াসে যদি রুষিয়া, তাড়াইব ঘুষিয়া, কাবুল দখল একদিনে পারি॥ মার্চ্চ মার্চ্চ কুইক মার্চ্চ. সার্চ্চ সার্চ্চ এনিমি সার্চ্চ. অন্ অন্ টু দি ফুন্টিয়ার ;— কটিতটে তলোয়ার বুকে বেড়া জরি। রাইট লেফ্ট লেফ্ট রাইট. ব্যাল্যান্স ফেপ্ হবে ফাইট্, কোট ফিটু টাউজার টাইটু. ইন ওয়ার ভলেন্টিয়ার নেভার সরি॥ নারীর ভুজবল, কে জিন্বে তা'রে বল, পুরুষে যা বলে করে আমরা ইসেরায় সারি। চার্জ চার্জ প্রেজেণ্ট ফায়ার. ফাই ফাই ভাইল বেয়ার. রমণী এসেছি মোরা রণ সজ্জা ধরি॥ তরবারি টানিয়া, গাও রুল ব্রিটানিয়া, টুডে এক্স্ম্যাস ডে, অল অফ আস্ গে ; সিং সিং সিং ভিক্টোরিয়াস্ ভিক্টরি॥



যবনিকা।

শ্রীযুক্ত বিনোদলাল সেন কবিরাজ মহাহুগদ্ধি, অপূর্ব্ব

কুন্তলর্ষ্য তৈল।

কুন্তুলব্যা তৈল—জগতে অম্লা ও অতুলনীয়। কুন্তুলব্যা তৈল—মস্জি লগিকোরক ও স্তিশক্তি বর্ক। কুন্তুলব্যা তৈল—চিক্রকান্তিপ্দ। কুন্তুলব্যা তৈল—খালিত্য ও পালিত্য নাশে অদিতীয়।

কেশের কমনীয় কাস্তি বৃদ্ধি করিতে ও চিত্তের নিত্য প্রফুলতা অটুট রাথিতে কুস্তলবৃষ্যের তুলনা নাই। ইহা অন্থপন, আদি ও অক্লবিম। ক্লিগ্রুগে কুস্তলবৃষ্যের সমতুল কোন তৈলই এ পর্যাস্ত কেহ আবিফার করিতে পারেন নাই।

ইহার অনুপম সোগন্ধে মুগ্ধ হইয়া

বংশর প্রদিদ্ধ জমিদার, লাটসভার ভূতপূর্ব্ব দদস্ত, পরম প্রাজ্ঞ শীযুক্ত রাজা প্যারিমোহন মুখোপাধ্যায় মহোদস্ত্র

हेहात जुग्रमी अभारमा कतिशारहन।

বঙ্গের প্রধান ধর্মাধিকরণ কলিকাতা হাইকোর্টের প্রসিদ্ধ বিচারপতি, ভাষ ও ধর্মের অবতার, মাননীয়

শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ মহোদয় কুন্তলর্ষ্যের স্নেহগুণে পরম আনন্দিত।

রঙ্গপুরের স্বর্গগত

মহারাজা গোবিন্দলাল রায়,

ইহরি অমূল্য ও অতুল্য নিত্য-সৌগদ্ধে পরম প্রীত হইতেন ;— অপ্রাপর বিঘান্, বুদিমান্, ভাষবান্ ও সমৃদ্ধিমান্ সকলেই কুক্তলবুয়ের মনোমদ মাধুর্যে চিরমুগ্ধ।

কবিরাজ আশুতোষ সেন, — চিকিৎসক।
আদি আয়ুর্ব্লে ভ্রধানয়, ১৪৬ নং ফোজদারী-বালাধানা, কলিকাতা।

"আমাদের ওষধ সর্ববাপেক্ষা স্থলভ কারণ সর্ব্বোত্তম"

কিং এও কোম্পানী।

নিউ হোমিওপ্যাথিক ফারমেশী।

৮৩ নং হারিমন রোড, কলেজ খ্রীট জংসন, কলিকাতা।

নিয়লিখিত থাতিনামা চিকিৎসকগণের বিশেষ আলুকুলো

এই হোমিওপাাথিক ঔষধালয় থোলা হইরাছে। ডাক্তার ইউনান্

এম, বি, সি, এমৃ; প্রীদোকড়ি ছোষ এল, এম্, এমৃ; প্রীচন্দ্র
শেথর কালী এল্, এম্, এমৃ; প্রীক্তারোলপ্রসাদ চট্টোপাধাায়

এল্, এম্, এমৃ; প্রীতিনকড়ি মুথোপাধ্যায় এল্, এম্, এমৃ;

শ্রীনিতাইচরণ হালদার এল্, এমৃ, এমৃ; প্রীক্তার্লক্রমার দত্ত

এল্, এম্, এমৃ; প্রীপরেশনাথ চট্টোপাধ্যায় এল্, এম্, এমৃ;

বাঁকীপুর; প্রীকানাশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এল্, এম্, এমৃ;

এলাহাবাদ; প্রীমহেক্রনাথ গঙ্গোপাধ্যায় এল্, এম্, এমৃ, কানপুর; প্রীবিশিনবিহারী চট্টোপাধ্যায় এম্, বি; ডি, এন্, রায়

এম্, ডি; প্রীরজেক্রনাথ বন্দ্যোপাধ্যায় এম্, ডি। এক

ড্রামের মূল্য—মাদার টিংচার।৵৽, ১ হইতে ১২ ক্রম।০, ৩০ ক্রম

।০০। অর্ক আনা ডাকমাশুল পাঠাইয়া পত্র লিখিলে বিনাম্লো

ক্যাটেলগ্ পাঠান যায়।

বিশেষ জফীব্য।

বিজ্ঞাপনদাতাগণ অমৃত বাবুর বা গিরিশ বাবুর পুস্তকে কোন বিজ্ঞাপন দিতে ইচ্ছুক হইলে অনুগ্রহপূর্বক আমার নিকট পত্র লিখিলেই সমস্ত বিষয় জানিতে পারিবেন।

শ্রীসারদাপ্রসাদ চট্টোপাধ্যায়

কার্য্যাধ্যক।

ইউনিভার্সাল অ্যাড্ভারটাইজিং এজেন্সী ষ্টার থিয়েটারে বা ফ্কির্চাদ দের লেন, বহুবান্ধার—ক্লিকাতা।

বি, বস্থ এণ্ড কোম্পানীর হাতী মার্কা সালসা।

চরক মহাসাগর মন্ত্রনপূর্বক এ সালসা বা সোমরস উথিত হইয়াচে।

সদগর্ম এবং স্থাত। সহজ শরীবে এবং সর্ব ঋতুতে এই শক্তিম্বর পিণী সালসা সেবনীয়। স্থা দেহে সেবন করিলে শরীবে বল হয়, এবং মানব দীর্ঘন্ধীবন লাভ করে; কোন রোগদারা আক্রান্ত হইবার স্ভাবনা কম থাকে।

বি, বস্থ এণ্ড কোংর সালসা
অক্ষ্মা ও অম্বলের মহৌষধ; অজীর্ণ ও কোষ্ঠ-কাঠিন্মের
মহৌষধ; প্রমেহ, কুমি, অর্শ ও ভগন্দরের মহৌষধ।
দ্বিত-রক্ত, পারার ঘা, উপদংশ, গারে চাকা চাকা দাগ,
থোস-চ্লকানি, কাউর, নারেক্ষা এবং অন্তান্ত চর্মরোগ দূর
করিতে,—বি, বস্থ এণ্ড কোংর সালসার ন্তায় ওবধ আর নাই।
কুষ্ঠ পর্যান্ত সোমরনে আরোগা হয়। ইহা সর্ব্রপ্রকার শক্তি-প্রদ।

मृलामि ।

বিশেষ কথা।

১ নং এক ডজন সালসা লইলে কমিশন এক টাকা; ২ নং এক ডজন সালসার কমিশন দেড় টাকা; ৩ নং এক ডজন সালসার কমিশন তুই টাকা। এক ডজনের কম লইলে কেহ কমিশন পাইবেন না। ১ নং (আধপোয়া) এক শিশি ৪ দিন সেবনীয়। ২ নং (একপোয়া) ৮ দিন সেবনীয়। ৩ নং (দেড়-পোয়া) ১২ দিন সেবনীয়। ডাকমাঙল সভস্ত।

কলিকাতা ৭৯ নং হারিসন রোড, (পটলডাঙ্গা বি. বস্তু এণ্ড কোম্পানীর নিকট প্রাপ্তব্য)

ASTHMA SPECIFIC. হাঁপানি রোগের অব্যর্থ মহোযধ।

ঢাকার নবাব সাহেবের ভূতপূর্ব্ব ফ্যামিলি, ডাক্তার K. N. GHOSH

এই ঔষধ দেবনে বহুসংখ্যক হাঁপানিরোগী একেবারে আরোগ্য হইরা ভূরি ভূরি প্রশংসাপত্র দিয়াছেন, ছাপান বিস্তারিত প্রশংসাপত্র উষধের দিশির প্যাকের ভিতরে আছে। এই ঔষধের বিশেষ গুণ এই যে, হাঁপানির প্রবলাবস্থায় অর্থাৎ যে সময়ে নিঃশ্বাস প্রশ্বাসের টান হইরা ভয়ানক যন্ত্রণা হয়, সেই সময়ে ২০ বার থাইলে তৎক্ষণাৎ আরোগ্য হয় এবং নিয়মিত রূপে কিছু দিন সেবন করিলে রোগ নির্মূল হয়। এইরূপ একাধারে ছই গুণ আর অন্ত কোন হাঁপানির ঔষধে নাই। আমি ইতিপূর্কে ঢাকার নবাব সাহেবের ফ্যামিলি ভাকার ছিলাম। প্রায় ২৫ বৎসরকাল উক্ত সহরে প্র্যাক্টিস্ করি, আর ২৫ বৎসরের মধ্যে আমার হস্তে যতগুলি হাঁপানি রোগী পিড়িয়াছিল সকলকেই এই ঔষধে আরোগ্য করিয়াছি। সাধারণের হিতার্থে সম্প্রতি এই মহৌষধটী পেটেণ্ট করিলাম।

মূল্য প্রতি শিশি ২ টাকা, ডজন ২১ টাকা, অর্দ্ধ ডজন ১১ টাকা, দিকি ডজন ৫।০ টাকা, ডাকমাশুল স্বতন্ত্র। রেলে ঔষধ পাঠাইরার স্থবিধা থাকিলে মাশুল অনেক কম পড়ে।

ডাক্তার জ্রীকেদারনাথ ঘোষ।
২৮ নং হুর্গাচরণ মিত্রের ষ্ট্রাট, দর্জিপাড়া, কলিকাতা।

হতন পুন্তক নিশীথ চিন্তা।

বাঙ্গালা সাহিত্যের অন্ততর অধিনায়ক পূর্ব্ব-বঙ্গের গৌরৎ শ্রীযুক্ত রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাতুর প্রণীত।

মূল্য ১ এক টাকা, ডা: মা: /১০ দেড় আনা।
ইহাতে সাতটী প্রবন্ধ আছে, ১ রাত্রিকাল। ২ নদীর
জল। ৩ ছ:খ। ৪ তারা আর ফুল। ৫ বিরহ। ৬ আশার
ছলনা ৭ চক্রবদন।

কালীপ্রসন্ন বাবুর

প্রাতঃচিন্তা, নিভ্তচিন্তা, ল্রান্তিবিনোদ, প্রমোদলহরী অথবা বিবাহ রহস্ত—মূল্য প্রত্যেকের ১০ এক টাকা। ভক্তির জয়, মূল্য পাঁচ দিকা। সঙ্গীত মঞ্জরী মূল্য ।০ চারি আনা এবং পিশুপাঠ্য পুস্তক—কোমল কবিতা—মূল্য ৫১০ আড়াই আনা। বর্ণপাঠ (শিশুদিগের প্রথমশিক্ষার উপযোগী অতি সহজ্বোধ্য ও স্থপাঠ্য পুস্তক)—মূল্য ৴১০ দেড় আনা। আদর্শ (দেথিয়া লিথিবার বিবিধ পাঠ, বড় অক্ষরে মুদ্রিত)—মূল্য ৴০ তিন আনা। নিয়লিথিত ঠিকানায় প্রাপ্তব্য।

কলিকাতা; ২০ নং কর্ণভয়ালিশ ষ্টাট, সংস্কৃত প্রেস ডিগজিটরী। ২০৩।২ কর্ণভয়ালিস ষ্টাট মনোহোহন লাইবেরী।
২০১ নং কর্ণভয়ালিস ষ্টাট, বেঙ্গল মেডিকেল লাইবেরী। ৫৭ নং
কলেজ ষ্টাট ক্যানিং লাইবেরী। ৬৭ নং কলেজ ষ্টাট, ষ্টুডেতিসু লাইবেরী। ঢাকা, বান্ধর ক্টারে বাব্ হরকুমার বস্কুর
নিকট। অবিনাশচক্র মুখোপাধ্যায় ম্যানেজার—সংস্কৃত ডিপজিটারী। শ্রীগুরুদাস চটোপাধ্যায়, বেঙ্গল মেডিকেল লাইবেরী।

ব্রহ্মচারি-প্রদূত্ত

লক্ষীবিলাস তৈল।

১৮৭৪ সালে আবিষ্কৃত। মতিলাল বফ এও কোং ইছার, একমার আবিষ্কৃত্তী। ইহার মনোমুগ্ধকর স্থাপিতা, নিগ্ধকারিত, লাবণাপ্রদারক, মস্তক ও বক্রোগনিবারক অসাধারণ ভাপপ্রভাবে জনগাধারণের নিক্ট

বছদিনাৰধি বিশেষ সমাদৃত। ইহার অতিশয় বিক্রয় দেখিয়া লোভ প্রযুক্ত রাধিকাপ্রসাদ কুণ্ডু, হরিলাল হাজরা, প্রতাপচক্র ঘোষ, কালাটাদ কুণ্ডু, ১৮৮৯।৯০।৯৭ সালে পিনালকোডের ৪৮২।৮৬ ধারানুসারে জাল করা অপরাধে দণ্ডিত ইইয়াছে।

্বিশেষ অন্মুরোধ, নিম্নলিখিত কয়েকটা চিহ্ন বিশেষরূপে পরীক্ষা করিয়া লইবেন।

১। রেজিষ্টরি করা (প্রীরামচন্দ্র মূর্ভিবিশিষ্ট) ও মতিলাল বহু এও কোং নামান্ধিত দবুজ রঙের শিশি ও উহার উপরিভাগে সোনালি রঙ বিশিষ্ট ক্যাপ. শুল এবং প্রোপ্রাইটরের প্রতিমূর্ভি ও নাম সম্বলিত নেক-লেবল।

২। চারি ভাষাত্র লিখিত (রিলিন টিকিট) ও উহাতে সক্র সক্র ডোরা কাটা এবং (শ্রীরাসচক্রমূর্ত্তি) ও কোং'র নাম লেখা।



- ৩। ব্যবস্থাপত যাহা শিশির গাতে সংলগ্ন আছে ও যাহার মধে, ৩ রকম কাগতে ৩২ পৃষ্ঠায় ছাপা (গোলাগা, শাদা ও সব্জ) ৭ প্রকার ভাষায় (বাঙ্গালা, ইংরাজা, নাগরা, কায়েতী, গুলুরাটা, উড়িয়া, এবং উর্ছু) লিখিত নিয়মাবলী মুদ্রিত আছে।
 - ৪। ব্যবহা পুস্তক ব্যতীত শিশি লইবেন না।

আট আউল শিশির মূল্য ৮০ আনা, ২৪ আউল বোতল ২০ টাকা। মতিলাল বস্থ এও কোম্পানী, অর্ডার সপ্রায়ার্ম, কমিসন এজেটস্ এও ভূপিষ্টস্, ১২২ নং পুরাতন চীনাবাজার, ব্রহ্মচারিদত উষ্ধালয়, ক্রিকাজা,।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত বাবু অমৃতলাল বম প্রনীত ও প্রকাশিত নিম্নলিখিত পুত্তকদুলী কর্ণওয়ালিস খ্রীই মেডিকেল লাইবেরী শ্রীযুক্ত বাবু গুরুদাস চটোপাধ্যায় মহাশয়ের নিকট এবং স্থার খিলেটারে আমার নিকট ও অস্থান্থ প্রকালয়ে পাওয়া যায়।

পুস্তক	मृ ला	পুস্তক -	भूका
বিমাতা বা বিজয়-বসন্ত	40	বিলাপ	, / °
তরুবালা	h.	ব্ৰজনীলা ও চাটুজ্যে-বাঁড়ুজ্যে	
শ্বীরক চূর্ণ	100	(একত্রে)	Į•
তাজ্ঞব ব্যাপার	10	। চোরের উপর বাটপাড়ি ও ডিদ্মি	mĮ Š
রাজা বাহাছুর	l•	(একতে) ∥৹ স্থলে	1.
কালাপানি	10	তিলতৰ্পণ (পুন্মু দ্ৰান্ধনাপেকা)	
বিবাহ-বিভ্ৰাট	10	নসীরাম	110/0
বারু ়	10/0	বৌ-মা	11 •
একাকার	10/0		

যাঁহার প্রয়োজন হইবে উক্ত ঠিকানায় মূল্য পাঠাইলে পাইবেন। জীক . . মাগুল স্বতন্ত্র লাগিবে।

ত্রীমহেন্দ্রনাথ চৌধুরী।

৮কবিবর রাজক্বফ রায় প্রণীত

গ্ৰন্থাবলী ১ম ভাগ, ৪, স্থলে ২,। গ্ৰন্থাবলী ২য় ভাগ, ৪, স্থলে ২,। গ্ৰন্থাবলী ৩য় ভাগ, ২, স্থলে ১,।

গ্রস্থাবলী ৫ম ভাগ, ২, স্থলে ১। গ্রন্থাবলী ৬ৡ ভাগ, ২, স্থলে ১।

श्रष्टावनी १म छोत्, २, इएन ५)।

্গ্রহাবলী হর্ম ভাগ, ২০ হলে ২০। উক্ত কবিবর প্রণীত, ফীরে থিয়েটারে অভিনীত

निवर्ताभ राख्य ॥॰, लायला माळ्यू ।॰, अवाम् अ ।॰, दिनकीत-वर्ततम्नीत ।॰, वनवीत ॥०/० ।

প্রীপ্তরুদাস চটোপাধায়,

২০১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রাট, কলিকাতা,

হৰ-তৈল সম্বন্ধে কয়েকটি কথা।

শ্রিকার ময়লাবৃক্ত তৈল ব্যবহারে লোমকুপ বন্ধ হইয়া, কেশের সমূর্ত্ত্ব করিয়া থাকে, এবং ছুর্যন্ধ অথবা উপ্রথম জন্যের ব্যবহারে শিরংশীদ্ধা ক্রাদি মন্তিকের রোগ জন্মাইয়া খাছোর বিশেষ অনিষ্ট করে এবং ছাণশন্তির ক্রিয়ায় জন্মায়। পক্ষান্তরে বিশুদ্ধ নির্মূল তৈল সহজে লোমকুপে প্রবেদ্ধ ক্রিকা কেশ পৃষ্টি করিয়া স্বস্থ ও স্বল রাথে এবং হুগন্ধি জন্যের ব্যবহারে ক্রিয়া প্রক্রিয়া প্রবিদ্ধা প্রস্কৃতির প্রকুলতা সাধন করিয়া দেহকে নীরোগ ও দীর্মায়ু করিয়া থাকে, ক্রিয়া চিকিৎসক ও বিজ্ঞানবিৎদের মত।

বিশুদ্ধ সুগন্ধ তৈল থাকিতে সামান্ত স্থবিধা মূল্যের জন্ত অপরিষ্কার এবং
ক্ষুর্গন্ধ অথবা উগ্রগন্ধ তৈল ব্যবহার করিতে দিয়া আপনার প্রীর অমূল্য
কেন্দের এবং তদপেক্ষা অধিক প্রয়োজনীয় খান্ত্যের অনিষ্ট সাধন করা কি
আপনার উচিত
পুর্বা আপনার প্রী যে তৈল ব্যবহার করিতেছেন, তাহা
ভাহার কেশের এবং খান্ত্যের পক্ষে উপযোগী কিনা তাহা আপনি একবার ভার
করিয়া ভাবিয়া দেখিয়াছেন কি
?

কুন্তনীন অতি বিশুদ্ধ তৈল এবং কুন্তলীন প্রকৃত হুগদ্ধ তৈল। যাবতার দেশীয় তৈল দুরে থাকুক, বহুমূল্যের বিলাজি ম্যাকেসার, পমেটাম ইত্যাদি অপেকাও আমাদের ক্থলীন উৎকৃষ্ট বলিয়া আমরা পর্ব্ব করিয়া থাকি ব আপেকাও আমাদের কথার সত্যতা একবার পরীক্ষা করিয়া দেখিবেন কি ? দেশের এবং সমাজের শীর্ষ স্থানীয় অনেক পুরুষ এবং রম্মনা কুন্তলীন ব্যবহার করিয়া প্রীত হইয়া স্বেচ্ছায় প্রশংসাপত্র দিয়া আমাদিগকে বাধিত করিয়াছেন, আপনি তাহাং একবার পড়িয়া দেখিবেন কি প রাজা, মহারাজা, নবাব, কমিনার, মাজ্লিষ্টেট প্রভৃতি বহুসংখ্যক সম্রান্ত উচ্চলে গণ্য মাস্ত লোকের পরিবারে এখন আদেরের সহিত কুন্তলীন ব্যবহৃত ইইভেছে, ইহা আপনি বিশ্বাস করিতে ইচ্ছা মা হয়, আপনি আমাদের স্থাকিনে আসিয়া নিজ ইচ্ছামত পরীক্ষা করিয়া লউন। অধুনা আপনার ব্রী যে তেল ব্যবহার করিতেছেন, তাহা অপেকা উৎকৃষ্ট বোধ না হইলে ক্রয়

স্থবাদিত কুন্তলীন	9 4.4	444	3/
পদ্মগদ্ধ কুন্তলীন	•••		5110
গোলাপগন্ধ কুন্তলীন	4.0	•••	21

এইচ্বস্পারফিউমার, ৬২ মং-বোবাজার খ্লীট, কলিকাতা।

কৈন বিলাভী একেন্স ব্যবহার ক্রিবেন?

এসেস্কুপুষ্পসার

দদ্য প্রকৃতিত নানাবিধ স্বভি পূপা হইতে অভিনব বিলাভী উপায়ে দারসংগ্রহ করিয়া, নিম্নলিখিত এদেলগুলি প্রস্তুত ইইরাছে। মিই এবং মনমুগ্রকর
গন্ধে বিলাভ ইইতে আমদানী অধিক মূল্যের এদেল অপেকা এগুলি কোন অংশে
নিক্ত নহে। অধিকত এই দকল এদেলের দোরত অধিকতর প্রীতিপ্রদ এবং
বিলাভী এদেল অপেকা দার্থকার হায়ী। বিশেষতঃ চামেলী, মতিয়া, কামিনী,
রজনীগন্ধা প্রভৃতি কতকগুলি দেশীয় ফুলের এদেল যাহা এ পর্যান্ত কেই ব্যবহারোপ্রোণী করিতে পারেন নাই, ভাহা আমরাই প্রথম বিক্রমার্থ প্রস্তুত করিয়াছি।
সদ্য প্রকৃতি কুস্নের মনোহর স্বাদ্য এবং আমাদের প্রস্তুত এদেলের স্বাদে
কিছুনাল প্রভেদ পরিলক্ষিত ইইবে না।

্ অনেক রাজা, মহারাজা এবং দল্লান্ত ও দোধীন মহোদরগণ, এমন কি অনেক ইংরেজ পর্যান্ত বিশুণ মূল্যের বিলাতী এদেলের পরিবর্তে আমাদের এদেল ব্যবহার করিতেছেন, ইহাই আমাদের এদেলের উৎকৃষ্টতার প্রের্ফ প্রমাণ স্বরূপ উল্লেখ ক্রিকে সংক্রি যাবতীর এদেলের নমুনা আমাদের আফিনে আদিলে আমর্ম শাজ্জাদের সহিত দেখাইব।

এসেক্সের তালিকা।

চামেলী মলিকা কুমুদিনী
মতিয়া দেলখোদ মিশ্রকুম্ম
কামিনী হোয়াইট্রোজ পারিজাত কুমুম
রজনীগদ্ধা ব্যরাক্ষেজ ভিক্তোরিয়া বেহিক

আমাদের প্রস্তুত উলিণিত সম্পর এদেল টিক বিবাতী এদেলের ক্র ক্ৰুণা শ্লাদের ছিপিযুক্ত চতুকোণ এক আউন্স শিশিতে বিক্র হয়।

মূল্য প্রতি শিশি এক টাকা মাত।

এইচ্বত, পার্কিউমার, জ্বাবোলার **ম**ট, কলিবালী